অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল নতুন প্রশাসনিক নিয়োগের কথা ঘোষণা করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ নতুন প্রশাসনিক নিয়োগের কথা ঘোষণা করেছেন।

"আমার প্রশাসন যখন একদিকে সমস্ত নিউ ইয়র্কারকে ভালো পরিষেবা দেওয়ার জন্য কাজ করছে, তখন এটি গুরুত্বপূর্ণ যে আমরা সেরাটি এবং যেটি সর্বাধিক উজ্জ্বল যেন বেছে নিই স্টেটের সবচেয়ে গুরুতর সমস্যার মোকাবিলা করতে এবং পথ নির্দেশ করতে", **বলেছেন গভর্নর হোকল।** "বৈচিত্রপূর্ণ ব্যাকগ্রাউন্ড যে বিপুল পরিমাণ অভিজ্ঞতা আমাদের টিমে যোগ করা হচ্ছে, সেই সাপেক্ষে স্টেটকে এগিয়ে নিয়ে যেতে এবং নিউ ইয়র্কারদের জন্য কাজ করতে সমস্ত স্তরে পার্টনারদের সাথে আমরা কাজ করব।"

গভর্নরের বিশেষ কাউন্সেল হিসাবে **জেফ্রি এইচ. পার্লম্যানকে** নিয়োগ করা হয়েছে। মি. পার্লম্যান অতি সম্প্রতি অথরিটিজ বাজেট অফিসের ডিরেক্টর হিসাবে দ্বিতীয় দফার মেয়াদ সম্পূর্ণ করেছেন, যেটি সরকারি সংস্থাগুলিকে আরও বেশি দায়বদ্ধ এবং স্বচ্ছ করার জন্য এবং যথাযথ উদ্দেশ্য অনুযায়ী জনস্বার্থে কাজ করার জন্য যেটি তৈরি করা হয়েছে। তিনি এর আগে লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোকলের কাউন্সেল এবং চিফ অব স্টাফ হিসাবে কাজ করেছেন। এর আগে পার্লম্যান কাজ করেছেন নিউ ইয়র্ক স্টেট সেনেট ডেমোক্র্যাটিক কনফারেন্সের চিফ অব স্টাফ হিসাবে। এছাড়া এর আগে মি. পার্লম্যান ল ফার্ম গ্রীনবার্গ ট্রাউরিগের প্রাক্তন কাউন্সেল ছিলেন, যেখানে তার প্র্যাকটিসের মধ্যে ছিল সরকারি বিষয় এবং মমলা, এথিক্স, তথ্য সংক্রান্ত আইনের স্বাধীনতা, নির্বাচন সংক্রান্ত আইন এবং গ্রাহক সংক্রান্ত অন্যান্য বিষয়ে বিশেষত্ব। এছাড়া মি. পার্লম্যান গভর্নর ডেভিড প্যাটারসনের অ্যাসিস্ট্যান্ট কাউন্সেল হিসাবে কাজ করেছেন। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি এবং নিউ ইয়র্ক স্টেট সেনেটে একজন স্টাফ পার্সন হিসাবে মি. পার্লম্যান কাজ করেছেন, যে সময় তিনি অ্যাসেম্বলি সদস্য ইভান লাফায়েট্টে এবং স্টেট সেনেটর লিজ ক্রুয়েগের, মার্টিন কোননোর, ডেভিড প্যাটারসন, জেরেমি উইনস্টেইন, ডোনাল্ড হাল্পেরিন এবং ম্যানফ্রেড অর্চেনস্টেইনের জন্য কাজ করেছেন। মি. পার্লম্যান এছাড়া নিউ ইয়র্ক সুপ্রিম কোর্টের জাস্টিস ল্যুই বেঞ্জার অধীনে জুডিশিয়াল ইন্টার্ন হিসাবে কাজ করেছেন। তিনি সানি নিউ পাল্টজ এবং আলব্যানি ল স্কুলের গ্র্যাজুয়েট এবং নিউ ইয়র্কের আলব্যানিতে বসবাস করেন।

ডিরেক্টর অব পলিসি হিসাবে **মিকাহ লাশেরকে** নিয়োগ করা হয়েছে। সরকারি, বেসরকারি এবং অলাভজনক সংস্থার মতো বিপুল ক্ষেত্রগুলিতে নেতৃত্বের ভূমিকায় মি. লাশেরের কাজ করার অভিজ্ঞতা আছে। তিনি বিশ্বের নানা শহরের সামনে থাকা সমস্যার সমাধান করতে প্রযুক্তি

এবং আর্বান ডিজাইনে উদ্ভাবনী ক্ষেত্রে নজর দেওয়া Alphabet (Google) কোম্পানি সাইডওয়াক ল্যাবের নীতি এবং যোগাযোগ সংক্রান্ত বিভাগের প্রধান ছিলেন। এর আগে তিনি নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিসে চিফ অব স্টাফ হিসাবে কাজ করেছেন, যেখানে তিনি 1,800 কর্মীদের একটি সরকারি সংগঠন পরিচালনা করতেন, হাই-প্রোফাইলের এবং সংবেদনশীল বিষয়ে সরাসরি কাজ করতেন এবং স্টেট অ্যাটর্নি জেনারেলের মধ্যে একজন প্রোগ্রেসিভ লিডার হিসাবে নিউ ইয়র্ককে পুনরায় প্রতিষ্ঠা করেছেন। 2010 সাল থেকে 2012 সাল পর্যন্ত সিটি অব নিউ ইয়র্কের স্টেট লেজিসলেটিভ অ্যাফেয়ার্স বিভাগের ডিরেক্টর হিসাবে মি. লাশের নিউ ইয়র্ক সরকারের সামনে মেয়র মাইকেল আর. ব্লুমবার্গের প্রতিনিধিত্ব করেছেন, পঞ্চাশের অধিক শহরের এজেন্সির অ্যাজেন্ডা তৈরি করেছেন এবং অগ্রসর করেছেন এবং গভর্নর ও লেজিসলেচারের মধ্যে জটিল চুক্তি সম্পাদনে সক্রিয় ভূমিকা গ্রহণ করেছেন। এছাড়া মি. লাশের নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের জন্য এগজিকিউটিভ ডিরেক্টর অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স হিসাবেও কাজ করেছেন, কংগ্রেসম্যান জেরি নেডলারের সহযোগী এবং এখন SKDKnickerbocker হিসাবে পরিচিত যোগাযোগ সংক্রান্ত কনসাল্টিং ফার্মের একজন প্রতিষ্ঠাতা পার্টনার। নিউ ইয়র্ক শহরের সিভিক এবং রাজনৈতিক বিষয়ে সক্রিয়ভাবে জড়িত মি. লাশের একাধিক অলাভজনক সংস্থার ট্রাস্টি হিসাবে কাজ করছেন, যার মধ্যে আছে রিভারসাইড পার্ক কনজারভেন্সি (যেটিতে তিনি চেয়ারম্যান), কমিউনিটি সার্ভিস সোসাইটি এবং বন্দুকের নিরাপত্তার জন্য এভরিটাউন। মি. লাশের নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের একজন গ্র্যাজুয়েট, যেখান থেকে সমাজবিদ্যায় বি.এ ডিগ্রি পেয়েছেন।

ডেপুটি ডিরেক্টর অব পলিসি হিসাবে **লোনি টি. থ্রেট্টেকে** নিয়োগ করা হয়েছে। মি. থ্রেট্টে অতি সম্প্রতি নিউ ইয়র্ক স্টেট সেনেটে প্রোগ্রাম এবং কাউন্সেলের অফিসের অ্যাসিস্ট্যান্ট ডেপুটি ডিরেক্টর হিসাবে কাজ করেছেন, যেখানে তিনি নীতি সংক্রান্ত বিশ্লেষক এবং কাউন্সেলদের টিমকে পরামর্শ দিতেন। তার আগে তিনি গভর্নরের অফিসে এগজিকিউটিভ চেম্বারে শিক্ষার জন্য অ্যাসিস্ট্যান্ট ডেপুটি সেক্রেটারি হিসাবে এবং হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের জন্য এক্সটার্নাল অ্যাফেয়ার্সের ভাইস প্রেসিডেন্ট হিসাবে কাজ করেছেন। মি. থ্রেট্টে তার কর্মজীবন শুরু করেন নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিনসের কমিটি থেকে, যেখানে তিনি বাজেট স্টাডিজে বিশ্লেষক থেকে ডেপুটি ডিরেক্টরের ভূমিকা পালন করেছেন। মি. থ্রেট্টে তার ব্যাচেলর অব আর্টস ডিগ্রি পেয়েছেন ডার্টমাউথ কলেজ থেকে এবং পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে মাস্টার ডিগ্রি পেয়েছেন সিরাকুজ বিশ্ববিদ্যালয়ের ম্যাক্সওয়েল স্কুল অব সিটিজেনশিপ অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স থেকে।

লেজিসলেটিভ অ্যাফেয়ার্স এবং পলিসির জন্য ডেপুটি সেক্রেটারি হিসাবে **চ্যাটোড ফ্লয়েডকে** নিয়োগ করা হয়েছে। ডেপুটি সেক্রেটারি হিসাবে নিয়োগের আগে মি. ফ্লয়েড লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের ডিরেক্টর হিসাবে কাজ করেছেন, যেখানে তিনি সেনেট এবং অ্যাসেম্বলির মধ্যে যোগাযোগ বজায় রাখার কাজ করতেন এবং তিনি নিউ ইয়র্ক স্টেট ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্সের মতো বিশেষ প্রোজেক্ট পরিচালনা করেছেন, যার মাধ্যমে সংখ্যালঘু বর্ণের কমিউনিটিকে শিক্ষা প্রদান করা হত। গভর্নরের অফিসে যোগ দেওয়ার আগে মি. ফ্লয়েড নিউ ইয়র্ক শহরের মেয়রের অফিসের জন্য ডেপুটি চিফ অব স্টাফ হিসাবে কাজ করেছেন। সিটি হলে নিজের সময়ে মি. ফ্লয়েড বিভিন্ন ভূমিকায় নিজের দায়িত্ব পালন করেছেন, যার মধ্যে আছে স্টেট লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের ইন্টেরিম-ডিরেক্টর, ফৌজদারি ন্যায়বিচার সংক্রান্ত মেয়রের

অফিসের জন্য আন্তঃসরকার বিষয়ক ডিরেক্টর হিসাবে শহরের তরফ থেকে সমস্ত স্টেট লেজিসলেটিভ বিষয়ের দেখভাল করেছেন। সেনেটর রাথ হাসেল-থম্পসন (ব্রংক্স/ওয়েস্টচেস্টার) এর জন্য লেজিসলেটিভ ফেলো হিসাবে স্টেট সার্ভিসে মি. ফ্লয়েড তার কর্মজীবন শুরু করেন এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে ওয়েজ অ্যান্ড মিনস কমিটির জন্য লেজিসলেটিভ বাজেট বিশ্লেষক হিসাবে কাজ করেছেন। মি. ফ্লয়েড আদতে কলাম্বিয়া, SC এর বাসিন্দা এবং ইমোরি বিশ্ববিদ্যালয় থেকে আমেরিকান স্টাডিজে ব্যাচেলার ডিগ্রি এবং ইউনিভার্সিটি অব সিনসিনাটি কলেজ অব ল থেকে জুরিস ডক্টরেট অর্জন করেছেন।

লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি হিসাবে **ভেরোনিকা এনজিকে** নিয়োগ করা হয়েছে। গভর্নরের অফিসে যোগ দেওয়ার আগে মিস এনজি দ্য পার্কসাইড গ্রুপে একজন প্রধান কনসাল্ট্যান্ট হিসাবে নিউ ইয়র্ক স্টেট সেনেটকে একটি সুপারমেজরিটি অর্জন করতে সহায়তা করেছেন। এর আগে মিস এনজি তৎকালীন লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোকলের ডিরেক্টর অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স হিসাবে কাজ করেছেন এবং তার আগে সেনেট ডেমোক্র্যাটিক কনফারেন্সে এক্সটার্নাল রিলেশনে এবং তৎকালীন কাউন্সিল সদস্য মার্ক ওয়েপ্রিনের জন্য কমিউনিকেশন ডিরেক্টর হিসাবে কাজ করেছেন। তিনি হান্টার কলেজ থেকে রাষ্ট্রবিজ্ঞান এবং অ্যানথ্রপলজিতে বি.এ ডিগ্রি অর্জন করেছেন। কুইন্সে জন্মানো এবং বড় হয়ে ওঠা এই ব্যক্তি জ্যাকসন হাইটসে বসবাস করেন, তিনি একজন 2x ম্যারাথনার এবং রেকর্ড হোল্ড করা পাওয়ালিফ্টার।

লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের জন্য সিনিয়র অ্যাডভাইজর হিসাবে **স্যান্ড্রা রিভেরা, ইএসকিউ.** কে নিয়োগ করা হয়েছে। আগে মিস রিভেরা প্রযুক্তি থেকে অর্থনৈতিক উন্নয়ন, স্বাস্থ্য থেকে হিউম্যান সার্ভিস এবং ফৌজদারি ও সামাজিক ন্যায়বিচারের মতো নান বিষয়ে গ্রাহকদেরকে পরামর্শ দেওয়ার প্রাইভেট প্র্যাকটিস করতেন। অতি সম্প্রতি তিনি নিজের ফার্ম রিভেরা ল PLLC এর প্রিন্সিপাল হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তাকে কোর্টের আদালতের ফ্র্যাঙ্কলিন এইচ. উইলিয়ামসের জুডিশিয়াল কমিশনের অফিসের কমিশনার হিসাবে কাজ করেছেন। এছাড়া তিনি নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশনে নেতৃত্বমূলক বিভিন্ন ভূমিকা পালন করেছেন এবং নিউ ইয়র্ক স্টেটের বোর্ড অব ফ্যামিলি প্ল্যানিং অ্যাডভোকেটের চেয়ার হিসাবেও কাজ করেছেন। ল স্কুলে যোগ দেওয়ার আগে মিস রিভেরা তার কর্মজীবন শুরু করেন নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেজরিটি লিডারের অফিসে লেজিসলেটিভ অ্যাসোসিয়েট হিসাবে। মিস রিভেরা অ্যালবেনিতে একটি বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট, যেখান থেকে তিনি অ্যানথ্রপলজিতে বিএ এবং রাজনৈতিক সংক্রান্ত যোগাযোগে এমএ ডিগ্রি অর্জন করেছেন। তিনি অ্যালবানি ল স্কুল থেকে ডেজি পেয়েছেন এবং নিউ ইয়র্কে প্র্যাকটিস শুরু করেন।

ডিরেক্টর অব লেজিসলেটিভ অ্যাফেয়ার্স হিসাবে **হে গুইলেনকে** নিয়োগ করা হয়েছে। মি. গুইলেন আগে নিউ ইয়র্ক এগজিকিউটিভ চেম্বারে লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের জন্য সিনিয়র অ্যাডভাইজর হিসাবে কাজ করেছেন। এছাড়া তিনি নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টির আন্তঃসরকার বিষয়ক ডেপুটি সেক্রেটারি হিসাবে এবং কমিউনিকেশন অ্যান্ড ইনফরমেশন সার্ভিসের নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি অফিসের কোঅর্ডিনেটর হিসাবে কাজ করেছেন। এছাড়া মি. গুইলেন ডেমোক্র্যাটিক অ্যাসেম্বলি ক্যাম্পেইন কমিটির কোঅর্ডিনেটর হিসাবে কাজ করেছেন। তিনি কংগ্রেসউম্যান নিকি সোঙ্গাস এবং কংগ্রেসম্যান ড্যান মাফেইয়ের

অফিসে কর্মজীবন শুরু করেন। দক্ষিণ ব্রংক্সের আদি বাসিন্দা মি. গুইলেন তিনি সানি ওসেগো থেকে বি.এ ডিগ্রি অর্জন করেছেন।

ডিরেক্টর অব ক্যাবিনেট অ্যাফেয়ার্স হিসাবে **ম্যাথু পেনেলোকে** নিয়োগ করা হয়েছে। অতি সম্প্রতি মি. পেনেলো NYS ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এবং ফাইনান্সের জন্য লেজিসলেটিভ এবং আন্তঃসরকার বিষয়ের ডিরেক্টর হিসাবে কাজ করেছেন। তার আগে তিনি লেজিসলেটিভ অ্যাফেয়ার্সের জন্য গভর্নরের বিশেষ অ্যাসিস্ট্যান্ট হিসাবে NYS এগজিকিউটিভ চেম্বারে, মোহক ভ্যালির জন্য আঞ্চলিক প্রতিনিধি হিসাবে এবং NYS ডিপার্টমেন্ট অব লেবারের সেন্ট্রাল নিউ ইয়র্ক আন্তঃসরকারি বিষয়ক বিভাগের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর হিসাবে কাজ করেছেন। এছাড়া তিনি সিরাকুজ শহরের জন্য পলিসি অ্যাডভাইজর হিসাবে কাজ করেছেন। এছাড়া মি. পেনেলো নিউ ইয়র্ক স্টেটে স্থানীয়, কংগ্রেসনাল এবং স্টেটওয়াইড ক্যাম্পেইনে পরামর্শ দিয়েছেন এবং কাজ করেছেন। তিনি কোর্টল্যান্ডের একজন আদি বাসিন্দা এবং সানি কোর্টল্যান্ড থেকে রাষ্ট্রবিজ্ঞান এবং অর্থনীতিতে বি.এ ডিগ্রি অর্জন করেছেন, যেখানে তিনি আধুনিক সাংবিধানিক তথ্য সম্পর্কে সন্ত্রাসবাদের প্রভাবের বিষয়ে সানি রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা করার সুযোগ পেয়েছিলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন